57. এক দোকানদার তিন জন খদ্দেরকে যথাক্রমে ৫ কিগ্রা. ৭০০ গ্রা., ৬ কিগ্রা. ৮০০ গ্রা. এবং ৯ কিগ্রা. ৩০০ গ্রাম চাল বিক্রয় করার পর দেখলেন যে তাঁর কাছে আরও ৪১ কিগ্রা ২০০ গ্রাম চাল আছে। বিক্রয়ের আগে তাঁর কাছে মোট কত পরিমাণ চাল ছিল?

a) ৬২ কিগ্রা ৫০০ গ্রা.   b) ৬৪ কিগ্রা   c) ৬২ কিগ্রা   d) ৬৩ কিগ্রা

58. ১২ মিটার লম্বা একটি দড়ি থেকে ৩ মি. ৫০ সেমি., ২ মি. ৬০ সেমি. এবং ৪মি. ৭০ সেমি. তিনটি টুকরো কেটে নেওয়া হল। অবশিষ্ট দড়ির দৈর্ঘ্য কত?

a) ১মি. ৮০সেমি.   b) ২০সেমি.   c) ১২মি. ২০সেমি.   d) ১মি. ২০সেমি.

| | | | |
|---|---|---|---|
| ১ | ২ | ক | ৬ |
| ২ | ৩ | ৪ | ৯ |
| ৪ | ২ | ১ | ৭ |
| খ | ২ | ৪ | ৮ |

প্রদত্ত ছক অনুযায়ী,

59. ক-এর মান

a) ৪   b) ৩   c) ২   d) ৫

60. খ এর মান

a) ৪   b) ৩   c) ২   d) ৫



Scanned with CamScanner


41. ১২০, ৫৪০, ৪৫০ এবং ৬৬০ সংখ্যাগুলি নীচের যে সংখ্যা দ্বারা বিভাজ্য নয় তা হল

a) ১৭ b) ৬ c) ১০ d) ৫

42. □ এ কোন সংখ্যা বসালে ৫৪ − □ + ৬ = ৫ × □ সম্পর্কটি সঠিক হবে

a) ৫ b) ১০ c) ৮ d) ৬

নীচের চিত্র থেকে 43নং থেকে 45নং প্রশ্নের উত্তর লেখো :



43. প্রদত্ত চিত্রে, আয়তক্ষেত্রের সংখ্যা হল

a) ১ b) ৩ c) ৬ d) ২

44. প্রদত্ত চিত্রে, বর্গক্ষেত্রের সংখ্যা হল

a) ১ b) ৩ c) ৬ d) ২

45. প্রদত্ত চিত্রে, ত্রিভুজের সংখ্যা হল

a) ৩ b) ৬ c) ৫ d) ৪

46. ১০০৩৪০৬ কে কথায় লিখলে হবে

a) দশ লক্ষ তিন হাজার চার শত ছয় b) দশ কোটি তিন লক্ষ চার শত ছয়
c) দশ কোটি তিন হাজার চার শত ছয় d) দশ কোটি ত্রিশ হাজার চার শত ছয়

47. একটি তলযুক্ত একটি ঘনবস্তু হল

a) চোঙ b) অর্ধগোলক c) গোলক d) ঘনক

নীচের অংকটি পড়ে 48 নং প্রশ্ন থেকে 50 নং প্রশ্নের উত্তর দাও।

৫×৯=৪৫, ৫৫×৯=৪৯৫, ৫৫৫×৯=৪৯৯৫, ৫৫৫৫×৯=৪৯৯৯৫ হলে



48. ৫৫৫৫৫×৯=

a) ৪৪৯৯৯৯৫ b) ৪৯৯৯৫৫ c) ৪৪৯৯৯৫ d) ৪৯৯৯৯৫

49. ৪৯৯৯৯৯৯৫ =

a) ৫৫৫৫৫×৯ b) ৫৫৫৫৫৫৫×৯ c) ৫৫৫৫৫৫৫৫×৯
d) ৫৫৫৫৫৫৫৫৫×৯

50. $\frac{৪৯৫}{৪৯৯৫}$ =

a) $\frac{১১}{১১১}$ b) $\frac{১১১}{১১১১}$ c) $\frac{১}{৫}$ d) $\frac{১৩}{৪৫}$

51. ৬৬৬৬৭ + ৬৬৬৬৭ + ৬৬৬৬৭ + ৬৬৬৬৭ + ৬৬৬৬৭ =

a) ৩৩৩৩৫ b) ৩৩৩৩৩৫ c) ৩৩৩৩৩৩৫ d) ৩৩৩৩৩৩৩৫

52. ১৫৫, ২১৭ এবং ২৭৯ সবচেয়ে বড় কোন পূর্ণসংখ্যা দ্বারা বিভাজ্য?

a) ৪১ b) ৩১ c) ৫১ d) ৬১

53. ১৫টি একই ওজনের বেগুনের মোট ওজন ১ কিগ্রা ১২৫ গ্রা.। সমান ওজনের একই প্রকার ৩ কিগ্রা ৭৫০ গ্রা. বেগুনে মোট বেগুনের সংখ্যা হবে

a) ৩০ b) ৪৫ c) ৫০ d) ৫৫

54. সীতাকে একটি সংখ্যাকে ১৫ দিয়ে ভাগ করতে বলা হল। কিন্তু সে ভুলবশত: ঐ সংখ্যাকে ২৫ দিয়ে ভাগ করে ভাগফল ৬ এবং ভাগশেষ শূন্য পেল, সঠিকভাবে ভাগ করলে ভাগফল হোত

a) ১৫ b) ৮ c) ১২ d) ১০

55. নীচের সঠিক সম্পর্কটি হল

a) $\frac{২}{৩} < \frac{৩}{৪} < \frac{৪}{৫} < \frac{৫}{৬}$ b) $\frac{৩}{৪} < \frac{২}{৩} < \frac{৪}{৫} < \frac{৫}{৬}$

c) $\frac{৪}{৫} > \frac{২}{৩} > \frac{৩}{৪} > \frac{৫}{৬}$ d) $\frac{৫}{৬} > \frac{২}{৩} > \frac{৩}{৪} > \frac{৪}{৫}$

56. কোন চতুস্তলকের ভূমি একটি

a) বর্গক্ষেত্র b) ত্রিভুজ c) আয়তক্ষেত্র d) চতুর্ভুজ

25. দিল্লীর জামা মসজিদ বানিয়েছিলেন

a) সম্রাট বাবর b) সম্রাট শেরশাহ c) সম্রাট আকবর d) সম্রাট শাহজাহান

26. সালোকসংশ্লেষের জন্য উদ্ভিদ বাতাস থেকে ———— গ্রহণ করে, কিন্তু ———— ত্যাগ করে। (শূন্যস্থানে পরপর বসবে)

a) হাইড্রোজেন, অক্সিজেন b) কার্বন ডাই-অক্সাইড, অক্সিজেন
c) অক্সিজেন, নাইট্রোজেন d) নাইট্রোজেন, হাইড্রোজেন

27. নীচের যে কাজের জন্য অভিকর্ষ বলের প্রয়োজন হয় না, তা হল

a) পুকুর পাড় থেকে জলে ঝাঁপানো b) গাছ থেকে পাতা পড়া
c) পাহাড়ের গা বেয়ে পাথর গড়িয়ে পড়া d) সমতলের উপর রিক্সা টানা

28. আকাশ যেখানে মাটির সঙ্গে মিশে আছে বলে মনে হয়, তাকে বলে

a) দিগন্তরেখা b) দিগন্ত বলয় c) প্রান্তরেখা d) প্রান্ত বলয়

29. কোনারকের সূর্যমন্দির যে রাজ্যে অবস্থিত তার নাম হোল

a) পশ্চিমবঙ্গ b) উড়িষ্যা c) বিহার d) রাজস্থান

30. উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে আছে

a) নেহেরু স্মারক সংগ্রহালয় b) শরৎ স্মারক সংগ্রহালয়
c) গান্ধী স্মারক সংগ্রহালয় d) বিদ্যাসাগর স্মারক সংগ্রহালয়

নীচের অংশটি পড়ে 31নং প্রশ্ন থেকে 40নং প্রশ্নের উত্তর দাও।

তোমার বাড়ীর সামনে একটি আয়তাকার বাগান আছে যার দৈর্ঘ্য ১০০ মিটার এবং প্রস্থ ৮০ মিটার। ঐ বাগানে ২০টি আম গাছ, ১০টি পেয়ারা গাছ এবং ৫টি লেবু গাছ আছে। বাগানের সীমানা বরাবর ৫ মিটার অন্তর একটি করে সুপারী গাছ আছে। প্রতি কোণে অবশ্যই একটি করে সুপারী গাছ আছে। এক বছর প্রতিটি আম গাছ থেকে ৫০০ কিলোগ্রাম আম, পেয়ারা গাছগুলি থেকে মোট ১০০০ কিলোগ্রাম পেয়ারা এবং লেবু গাছগুলি থেকে মোট ২০০০টি লেবু পাওয়া যায়। বিক্রী করার সময় প্রতি কিলোগ্রাম আমের দাম ৩০ টাকা, প্রতি কিলোগ্রাম পেয়ারার দাম ৪০ টাকা এবং প্রতিটি লেবুর দাম ৫০প. হিসাবে পাওয়া যায়। বাগানে ঐ সব গাছের জন্য ২০০ কিলোগ্রাম সার, ২০ লিটার কীটনাশক ও মজুরী বাবদ ৫০,০০০ টাকা খরচ হয়েছে। এক কিলোগ্রাম সারের মূল্য ২০ টাকা এবং ১ লিটার কীটনাশকের মূল্য ৫০ টাকা। একটি সুপারী চারা কিনতে খরচ হয়েছে ৫ টাকা।



31. তোমার বাগানের চার পাশের মোট দৈর্ঘ্য হোল

a) ২০০ মিটার b) ৩৬০ মিটার c) ৪০০ মিটার d) ৩৮০ মিটার

32. তোমার বাগানে সুপারী গাছের মোট সংখ্যা হোল

a) ৭৮ b) ৮০ c) ৭২ d) ৮৪

33. সব সুপারী চারার জন্য মোট খরচ হয়েছে

a) ৭২০ টাকা b) ৮৪০ টাকা c) ৮০০ টাকা d) ৭৮০ টাকা

34. ঐ বছর বাগানে উৎপন্ন আমের ওজন হোল

a) ১০০০০০ কিগ্রা b) ৫০০০ কিগ্রা c) ৮০০০ কিগ্রা d) ১০০০০ কিগ্রা

35. বাগানে প্রতি পেয়ারা গাছে সমান ওজনের পেয়ারা উৎপন্ন হলে ঐ বছর একটি গাছে উৎপন্ন পেয়ারার ওজন হবে

a) ২০০ কিগ্রা b) ১০০ কিগ্রা c) ২৫০ কিগ্রা d) ২২৫ কিগ্রা

36. ঐ বাগানে ঐ বছরে উৎপন্ন আম, পেয়ারা ও লেবুর মোট বিক্রয়মূল্য হল

a) ৩৪১০০০ টাকা b) ১৫৪০০০৫ টাকা c) ১০৫৪০৫০০ টাকা
d) ১৫০৪০৫০ টাকা

37. ঐ বাগানে ঐ বছরে সার ও কীটনাশক বাবদ খরচ হয়

a) ৫৫০০ টাকা b) ৬০০০ টাকা c) ৫০০০ টাকা d) ৫০০০০ টাকা

38. মোট পেয়ারার ওজন মোট আমের ওজনের কত অংশ?

a) $\frac{৩}{১০}$ b) $\frac{৪}{৫}$ c) $\frac{২}{৫}$ d) $\frac{১}{১০}$

39. এক কিলোগ্রাম আমের দাম এক কিলোগ্রাম পেয়ারার দামের কত অংশ?

a) $\frac{৪}{৫}$ b) $\frac{৩}{৪}$ c) $\frac{৪}{৩}$ d) $\frac{১}{২}$

40. প্রতি সুপারী গাছে বছরে ৫ কিগ্রা সুপারী উৎপন্ন হলে সব গাছগুলি থেকে বছরে কত পরিমাণ সুপারী পাওয়া যাবে

a) ৩৯০ কিগ্রা b) ৪০০ কিগ্রা c) ৪২০ কিগ্রা d) ৩৬০ কিগ্রা



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

6. জ্যোর্তিবিজ্ঞানী আর্যভট্ট জন্মেছিলেন

a) ইংলন্ডে b) রাশিয়ায় c) জাপানে d) ভারতে

7. যে প্রাণীটি পৃথিবী থেকে চিরতরে অবলুপ্ত হয়ে গেছে তার নাম

a) রয়্যাল বেঙ্গল টাইগার b) গোলাপী মাথা হাঁস c) এক শৃঙ্গ গণ্ডার
d) অলিভ রিডলে কচ্ছপ

8. উঁচু পাহাড়ে উঠলে আমাদের শ্বাসকষ্ট হয়, কারণ বাতাসে থাকে

a) কম অক্সিজেন b) প্রচুর অক্সিজেন c) প্রচুর জলীয় বাষ্প
d) প্রচুর নিষ্ক্রিয় গ্যাস

9. 'বাদাবন' বলে খ্যাত

a) আসামের জঙ্গল b) দার্জিলিং-এর জঙ্গল c) পুরুলিয়ার জঙ্গল
d) সুন্দরবন।

10. বাঘের সংখ্যা বাড়াতে গেলে করা দরকার

a) বাঘকে ঘরে এনে পোষা। b) বাঘ শিকার না করা।
c) বাঘকে খাবার দেওয়া। d) জঙ্গলে না ঢোকা।

11. সামান্য শাড়ী, ছেঁড়া কাপড় দিয়ে বাংলার মেয়েরা বানায়

a) কম্বল b) পুতুল c) মোটা কাঁথা d) নকশী কাঁথা

12. পরিবেশের দূষণরোধ করার জন্য প্রয়োজন

a) বনসৃজন করা b) বৃক্ষছেদন করা c) বর্জ্য জমিয়ে রাখা
d) আগুন জ্বালানো

13. পশ্চিমবঙ্গে গালা শিল্পের কাজ হয়

a) ঝালদায় b) সুজাপুরে c) শ্রীরামপুরে d) নবদ্বীপে

14. সাঁওতাল মেয়েরা নাচতে নাচতে যে গান গায় তা হল

a) ঝুমুর b) গম্ভীরা c) বাউল d) পল্লীগীতি

15. আলুকে সারা বছর সঞ্চয়ের জন্য যে ঘরে রাখা হয় তার নাম

a) শ্রীঘর b) গুদাম ঘর c) হিমঘর d) ঘুমঘর



16. হাওড়ার সাঁতরাগাছি ঝিলে প্রতি বছর আসে

a) রাজহাঁস b) পাতিহাঁস c) পরিযায়ী হাঁস d) গাংচিল

17. মেঘালয়ের মফলং বনভূমিতে জন্মায়

a) কুর্চি গাছ b) শাল গাছ c) সেগুন গাছ d) পাইন গাছ

18. ব্রতচারীর প্রতিষ্ঠাতা হলেন

a) গুরু পদ দত্ত b) গুরু সদয় দত্ত c) গুরু প্রসাদ দত্ত
d) গুরু গোবিন্দ দত্ত

19. কলকারখানা থেকে বের হওয়া কালো ধোঁওয়া, হল

a) কার্বন ডাই-অক্সাইড b) অত্যাবশকীয় উপাদান c) অবাঞ্ছিত উপাদান
d) a), b) এবং c) কোনটাই নয়

20. শনিগ্রহের সন্ধানে যে মহাকাশ যান পাঠানো হয়েছে তার নাম

a) ক্যাসিনী b) কিউরিসিটি c) ইনস্যাট d) পাথ ফাইন্ডার

21. পৃথিবীর চারিদিকে একবার ঘুরে আসতে চাঁদের সময় লাগে

a) ২৯ দিন b) ২৯$\frac{১}{২}$ দিন c) ২৯$\frac{২}{৩}$ দিন d) ২৯$\frac{৩}{৪}$ দিন

22. মানব দেহের স্বাভাবিক উষ্ণতা হল

a) ৯৮$^{০}$ ফারেনহাইট b) ৯৮.৪$^{০}$ ফারেনহাইট c) ৯৯$^{০}$ ফারেনহাইট
d) ১০০$^{০}$ ফারেনহাইট

23. জীবাণুদের সাথে যুদ্ধ করে আমাদের শরীরকে সুস্থ রাখে

a) লোহিত রক্ত কণিকা b) শ্বেত রক্ত কণিকা c) অনুচক্রিকা d) রক্তরস

24. বর্ষাকালের থেকে শীতকালে ভিজা জামা কাপড় তাড়াতাড়ি শুকিয়ে যায়, তার কারণ

a) বাতাসে জলীয় বাষ্প বেশি থাকে।
b) বাতাসে জলীয় বাষ্প কম থাকে।
c) বাতাসে কার্বন-ডাই-অক্সাইড বেশি থাকে।
d) বাতাসে অক্সিজেন বেশি থাকে।



পরের পৃষ্ঠা

Scanned with CamScanner

**All India Science Teachers' Association, West Bengal.**
**SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST-2019.**

Time : 1 hr. 45 min. Full Marks : 60

## চতুর্থ শ্রেণি

**নির্দেশাবলী :** 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○ ○ ⊗ ○; এখানে সঠিক উত্তর c)। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোন প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

1. একটি নিশাচর পাখি হোল

   a) বাবুই  b) পেঁচা  c) টুনটুনি  d) সারস

2. আকাশে ঘন কালো মেঘ তৈরি হয়

   a) জল দিয়ে  b) জলীয়বাষ্প দিয়ে  c) ক্ষুদ্র ক্ষুদ্র জলকণা দিয়ে
   d) ধোঁয়া দিয়ে

3. শুধু গ্রীষ্মকালে ফোটে এমন ফুলের নাম হোল

   a) জুঁই  b) গাঁদা  c) জবা  d) দো-পাটি

4. আকাশে ওড়ার জন্য পাখিদের বিশেষভাবে প্রয়োজন

   a) পাকস্থলী  b) হৃদপিণ্ড  c) হাড়  d) বাতাস ভরা থলি

5. নোনা মাটির উদ্ভিদদের শ্বাস অঙ্গ হোল

   a) শ্বাসমূল  b) ঠেসমূল  c) গুচ্ছমূল  d) পাতা



Scanned with CamScanner